বাহক মারফত/ই-মেইল/জিইপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২
গুলফেঁশা প্লাজা, (১৪ তলা) ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক,
বড় মগবাজার, ঢাকা-১২৩০।

website: www.cevappealdhaka2.gov.bd E-mail:cusappealdk2@gmail.com

নথি নং-৫-শুল্ক(৩০)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/ তারিখ: /০১/২০২৩ খ্রি.।

## আপিল মামলা নং- (শুল্ক) ৩০/২০২২

বিষয় : ডেপুটি কমিশনার অব কাস্টমস, সোনামসজিদ স্থল কাস্টমস স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক জারীকৃত পত্র নথি নং-৫/সোনা.মস./কাস/২৫৯/SAFTA/শুল্কায়ন/খাঁন/২০২০/১২০৭(৪), তারিখ-১১/৮/২০২২ খ্রি. এর বিরুদ্ধে দায়েরকৃত আপিলটি খারিজ করণ।

সূত্র : ১। সমনথির পত্র নং-৫-শুল্ক(৩০)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/৯৬১,তারিখ:২৩/১১/২০২২ খ্রি.।
২। সমনথির পত্র নং-৫-শুল্ক(৩০)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/২৭, তারিখ: ০৫/০১/২০২৩ খ্রি.।

## আপিল কমিশনারেট, ঢাকা-২ এর আদেশ

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ডেপুটি কমিশনার অব কাস্টমস, সোনামসজিদ স্থল কাস্টমস স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক জারীকৃত পত্র নথি নং-৫/সোনা.মস./কাস/২৫৯/SAFTA/শুল্কায়ন/খাঁন/২০২০/১২০৭(৪), তারিখ-১১/৮/২০২২ খ্রি. এর বিপরীতে সত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, M/S, Yogmaya Traders, Jamdia, Bagherpara, Jashore-7470 কর্তৃক গত ২০/১০/২০২২ খ্রি. তারিখে এ দপ্তরে আপিল করার জন্য একটি আবেদন দাখিল করেন। একই সাথে দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা-১৯৪এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী Statutory deposit জমা প্রদানের বিধান থাকায় আপিলকারী একটি হার্ডশিপের আবেদন দাখিল করেন। এ দপ্তর হার্ডশিপের আবেদন আমলে নিয়ে দাবীকৃত শুল্ককরাদির ২৫% অর্থ নগদ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ দিয়ে সূত্রীয় ১ নং পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আপিলকারী ২৫% অর্থ জমা প্রদানের অপারগ হয়ে পুনরায় গত ২৭/১২/২০২২ খ্রি. তারিখে আরো একটি হার্ডশিপের আবেদন দাখিল করেন এবং এ দপ্তর কর্তৃক পুনরায় আপিলকারীর হার্ডশিপের আবেদন পুর্নবিবেচনা করে দাবীকৃত শুল্ককরাদির ১০% অর্থ নগদ ট্রেজারী চালানের মাধ্যমে ০৭ দিনের মধ্যে সরকারী কোষাগারে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ দিয়ে সূত্রীয় ২ নং পত্রের মাধ্যমে ০৫/০১/২০২৩ তারিখে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি পর্যন্ত আপিলকারী কোন অর্থ জমা প্রদান করেনি বা এতদবিষয়ক কোন তথ্য বা দলিল এ দপ্তরে পাওয়া যায়নি। আলোচ্য ক্ষেত্রে দরখাস্তকারী আপিলের জন্য আবশ্যকীয় কোন অর্থ জমা প্রদান না করায় এ দপ্তরে দাখিলকৃত আপিল মামলাটি খারিজ করা হলো।

৩০/১/২০২৩
(মোঃ শওকাত হোসেন)
কমিশনার

নথি নং-৫-শুল্ক(৩০)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/ ৮৭(০-২) তারিখ: ৩০/০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত:-

১ আপিলকারী/আবেদনকারী — সত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, M/S, Yogmaya Traders, Jamdia, Bagherpara, Jashore-7470।
২ প্রতিবাদী/রেসপন্ডেন্ট — ডেপুটি কমিশনার অব কাস্টমস, সোনামসজিদ স্থল কাস্টমস স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
৩ রেকর্ড শাখা — তাঁকে এই আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।
৪ অফিস কপি।

৩০/০১/২০২৩
(জান্নাতুল ফেরদৌস)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে।